

ভালুকায় এসএসসি পরীক্ষার্থীদের বিক্ষোভ

ভালুকা (ময়মনসিংহ) প্রতিনিধি ▶

এসএসসি পরীক্ষার ফরম পূরণে পরীক্ষার্থীদের কাছ থেকে নেওয়া বাড়তি টাকা ফেরত চেয়ে ময়মনসিংহের ভালুকায় বিক্ষোভ করেছে একটি বিদ্যালয়ের পরীক্ষার্থীরা। গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলার হবিরবাড়ী ইউনিয়ন সোনার বাংলা উচ্চ বিদ্যালয়ের পরীক্ষার্থীরা ওই বিক্ষোভ করে।

ওই বিদ্যালয়ের এবারের এসএসসি পরীক্ষার্থীরা জানায়, এসএসসি পরীক্ষার ফরম পূরণ বাবদ তাদের কাছ থেকে জনপ্রতি তিন হাজার ৮০০ টাকা করে নেওয়া হয়েছে। বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত আদালতের নির্দেশের পরিপ্রেক্ষিতে গতকাল বৃহস্পতিবার সকালে বিদ্যালয়ে এসে তারা তাদের কাছ থেকে নেওয়া বাড়তি টাকা প্রধান শিক্ষকের কাছে ফেরত চায়। কিন্তু তাদের কথা আনলে নেননি ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুল ইসলাম খান মানিক। এ অবস্থায় তারা বাধ্য হয়ে আদালতে নেমেছে।

হবিরবাড়ী ইউনিয়ন সোনার বাংলা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুল ইসলাম খান মানিক জানান, বার্ষিক চাঁদা, মাসিক বেতন ও আনুষঙ্গিক প্রার্থ্য হিসেবে ওই টাকা নেওয়া হয়েছে। আদালতের নির্দেশের বিষয়ে তিনি জানান, বোর্ড কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে, পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।